বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
শৃঙ্খলা পরিদপ্তর
পানি ভবন, ৭২, গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

নম্বর: ৪২.০১.০০০০.০২৩.২৭.৩৪৪.২২.৭৯

তারিখ: ৩০ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
১৩ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

## দপ্তরাদেশ

জনাব আব্দুল্লাহীল বাকী মোঃ রুহুন্নবী, প্রোগ্রামার, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা'র দপ্তরে কর্মরত থাকাকালীন পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং-৪২.০০.০০০০.০৩১.২৫.০৫.১৬-৪০৬ তারিখ: ২০-০৬-২০১৯ খ্রিঃ মোতাবেক তার অনুকূলে বিগত ২০-০৮-২০১৯ খ্রিঃ তারিখ হতে ৩০-০৯-২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত (০২ বছর ০১ মাস ১২ দিন) Swedish Institute Scholarship for Global Professional University of Gothenburg, Sweden-এ Masters in Software Engineering and Management প্রোগ্রামে অধ্যয়নের নিমিত্ত প্রেষণ মঞ্জুর করা হয়। পরবর্তীতে প্রেষণের মেয়াদ বৃদ্ধির জন্য তার আবেদনের প্রেক্ষিতে পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং-৪২.০০.০০০০.০৩১.২৫.২০৫.১৭-১৬৮ তারিখ: ০৩-১১-২০২১ খ্রিঃ মোতাবেক প্রেষণের মেয়াদ ৩১-০৩-২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত ০৬(ছয়) মাস বর্ধিত করা হয়। তিনি পুনরায় ১৮(আঠার) মাস পূর্ণ গড়/অর্ধ গড়/বিনা বেতনে অসাধারণ ছুটির আবেদন করেন। কিন্তু বোর্ড কর্তৃক উক্ত ছুটি বিবেচিত হয়নি মর্মে তার দপ্তরকে অবহিত করা হলে তার দপ্তর হতে বিষয়টি তাকে অবহিত করা হয় এবং অনতিবিলম্বে বোর্ডে যোগদানের নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু তিনি পানি সম্পদ মন্ত্রণালয়ের মঞ্জুরীকৃত ছুটি শেষে অদ্যাবধি বোর্ডে যোগদান না করে অননুমোদিতভাবে অনুপস্থিত সংক্রান্ত অভিযোগে বাপাউবো শৃংখলা পরিদপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩৪৪.২২-৪০২ তারিখ ২৪-১১-২০২২ খ্রিঃ এর মাধ্যমে তার বিরুদ্ধে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ অনুযায়ী অভিযোগনামা প্রেরণ পূর্বক ১০(দশ) কার্যদিবসের মধ্যে আত্মপক্ষ সমর্থনে লিখিত বিবৃতি দাখিলের জন্যে উক্ত পত্রখানা তার কর্মস্থলের ঠিকানায় অর্থাৎ কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকার ঠিকানায় এবং স্থায়ী ঠিকানায় অর্থাৎ জনাব আব্দুল্লাহীল বাকী মোঃ রুহুন্নবী, পিতা-মোঃ নূরুন্নবী, রোড নং-৯৭ বরনটেক, ডাকঘর- মিরপুর, থানা-পল্লবী, জেলা-ঢাকা'র ঠিকানায় প্রাপ্তি স্বীকার পত্রসহ নিবন্ধিত ডাকযোগে প্রেরণ করা হয়। কিন্তু তিনি জবাব দাখিল হতে বিরত থাকেন।

২। জনাব আব্দুল্লাহীল বাকী মোঃ রুহুন্নবী, প্রোগ্রামার, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা'র বিরুদ্ধে কার্যধারায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য অত্র দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩৪৪.২২-৪২ তারিখ: ০১-০২-২০২৩ খ্রিঃ এর মাধ্যমে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তৎপ্রেক্ষিতে তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

৩। তদন্ত কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদন এবং আনুষঙ্গিক রেকর্ডপত্রাদি পর্যালোচনান্তে জনাব আব্দুল্লাহীল বাকী মোঃ রুহুন্নবী, প্রোগ্রামার এর বিরুদ্ধে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, পলায়ন ও প্রতারণার অভিযোগ প্রমাণিত হওয়ায় তার উপর বাপাউবোর্ডের "চাকরি হতে বরখাস্ত" (dismissal from service) দন্ড আরোপের লক্ষ্যে অত্র দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩৪৪.২২-৫১ তারিখ: ২৪-০১-২০২৪ খ্রিঃ এর মাধ্যমে প্রস্তাবিত দন্ড কেন আরোপ করা হবে না এই মর্মে কারণ দর্শানো নোটিশ জারি করতঃ ৭(সাত) কার্যদিবসের মধ্যে জবাব প্রদানের নিমিত্তে উক্ত পত্রখানা তার কর্মস্থলের ঠিকানা অর্থাৎ কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা'র ঠিকানা; স্থায়ী ঠিকানা অর্থাৎ জনাব আব্দুল্লাহীল বাকী মোঃ রুহুন্নবী, পিতা-মোঃ নূরুন্নবী, রোড নং-৯৭ বরনটেক, ডাকঘর- মিরপুর, থানা-পল্লবী, জেলা-ঢাকা'র ঠিকানায় প্রাপ্তি স্বীকার পত্রসহ নিবন্ধিত ডাকযোগে প্রেরণ করা হয় এবং একই সাথে উক্ত কারণ দর্শানো নোটিশটি বহুল প্রচারিত দুইটি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ করা হয়। সেই সাথে উক্ত নোটিশটি বোর্ডের ওয়েবসাইটে প্রচার করা হয়। ইতোমধ্যে উক্ত ৭(সাত) কার্যদিবস অতিবাহিত হলেও তিনি জবাব দাখিল হতে বিরত রয়েছেন।

৪। জনাব আব্দুল্লাহীল বাকী মোঃ রুহুন্নবী, প্রোগ্রামার এর বিরুদ্ধে তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুসঙ্গিক রেকর্ডপত্র পর্যালোচনায় অভিযোগনামায় বর্ণিত অভিযোগসমূহ তদন্তে প্রমাণিত হওয়ায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) মোতাবেক তার অননুমোদিতভাবে অনুপস্থিতির তারিখ অর্থাৎ ০১.০৪.২০২২ খ্রিঃ তারিখ হতে তার উপর বাপাউবো'র "চাকরি হতে বরখাস্ত" (dismissal from service) দন্ড চূড়ান্তভাবে আরোপের সিদ্ধান্ত গৃহীত হয়।

৫। এমতাবস্থায়, উক্ত সিদ্ধান্ত মোতাবেক এতদ্বারা জনাব আব্দুল্লাহীল বাকী মোঃ রুহুন্নবী, প্রোগ্রামার, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা এর উপর বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯ এর উপ-প্রবিধান (১)(খ)(উ) মোতাবেক তার অননুমোদিতভাবে অনুপস্থিতির তারিখ অর্থাৎ ০১.০৪.২০২২ খ্রিঃ তারিখ হতে বাপাউবো'র চাকরি হতে "বরখাস্ত" (dismissal from service) দন্ড চূড়ান্তভাবে আরোপ করা হলো।

৬। এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন রয়েছে।

১৩/০২/২০২৪
(মোঃ নোমান ফরিদ)
পরিচালক
পরিচিতি নম্বর-৬৬০৮০৫০০২

E:\Quddus\OO.Dismiss.docx22

নম্বর: ৪২.০১.০০০০.০২৩.২৭.৩৪৪.২২.৭৯(৭)

তারিখ: ৩০ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
১৩ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল:

১। পরিচালক, প্রশিক্ষণ/কর্মচারী/অডিট/অর্থ/হিসাবরক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর/কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা।

৩। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।

৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। দপ্তরাদেশটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য আদিষ্টমতে অনুরোধ করা হলো।

৫। উপ-পরিচালক (আইন), বোর্ড সচিবালয়, বাপাউবো, ঢাকা। বর্ণিত কর্মকর্তার নিকট হতে অত্র দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩৪৪.২২-৪০১ তারিখঃ ২৪.১১.২০২২ খ্রিঃ এর মাধ্যমে প্রেরিত বন্ডের শর্তানুযায়ী ৪,০০,০০০ (চার লক্ষ) টাকা ক্ষতিপূরণ আদায়ের আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য পুনরায় অনুরোধ করা হলো।

৬। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।

৭। ক) জনাব আব্দুল্লাহীল বাকী মোঃ রুহুন্নবী, প্রোগ্রামার, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা।
খ) জনাব আব্দুল্লাহীল বাকী মোঃ রুহুন্নবী, পিতা-মোঃ নূরুন্নবী, রোড নং-৯৭ বরনটেক, ডাকঘর- মিরপুর, থানা-পল্লবী, জেলা-ঢাকা।

১৩/০২/২০২৪
শেখ মোঃ আবদুল খালেদ
উপ-পরিচালক (চঃদাঃ)
পরিচিতি নম্বর-৭১১২১৬০০১

ডায়েরী নং ৩০৬
সিস্টেম এনালিস্ট
প্রোগ্রামার ১/২
সহকারী প্রোগ্রামার ১/২/৩/৪
নেটওয়ার্ক প্রকৌশলী
হিসাব করণিক
অফিস সহঃ কাম-কম্পিউটার
মুদ্রাক্ষরিক

তারিখঃ ১৩/২/২৪
জরুরী/অতি জরুরী
প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নথিতে পেশ করুন
আলোচনা করুন
নথিতে রাখুন

১৩/০২/২০২৪
সিনিয়র সিস্টেম এনালিস্ট
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

E:\Quddus\OO.Dismiss.docx23